...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
নৌ-পরিবহন অধিদপ্তর
আইসিটি শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | কমডোর মোঃ নিজামুল হক, (ট্যাজ), ওএসপি, এনজিপি, পিএসসি, বিএন<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১২/০৯/২০২২ খ্রিঃ |
| সভার সময় | সকাল ০৮:৪৫ ঘটিকা। |
| স্থান | নৌপরিবহন অধিদপ্তর এর সভা কক্ষ ও ভার্চুয়াল প্লাটফর্ম জুম অ্যাপ। |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক। |

সভাপতি মহোদয় সভাকক্ষে উপস্থিত এবং জুম অ্যাপের মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানান। আলোচনার শুরুতে তিনি সকল কর্মকর্তাকে নির্ধারিত সময়ের মধ্যে পরবর্তীতে সকল মিটিং এ উপস্থিত থাকার নির্দেশ প্রদান করেন। সভাপতি মহোদয় শুরুতে বলেন যে, আজকের সভার উদ্দেশ্য হচ্ছে সরকারের লক্ষ্য বাস্তবায়নের জন্য সকল কার্যক্রম অটোমেশন এর আওতায় নিয়ে আসা। অত্র অধিদপ্তরের শাখা প্রধান কর্মকর্তাবৃন্দ এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত অন্যান্য কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র উপস্থাপনের জন্য সিস্টেম এনালিস্ট জনাব মোঃ নজরুল ইসলামকে অনুরোধ করেন।

সভাপতির অনুমতিক্রমে সিস্টেম এনালিস্ট, জনাব মোঃ নজরুল ইসলাম আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি, অত্র অধিদপ্তরের চলমান, প্রক্রিয়াধীন ও পরিকল্পনাধীন কাজসমূহ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে ধাপে ধাপে বিস্তারিত তুলে ধরেন।

১। **ইনল্যান্ড শিপ ম্যানেজমেন্ট সিস্টেমঃ** সিস্টেম এনালিস্ট, জনাব মোঃ নজরুল ইসলাম বলেন, ইনল্যান্ড শিপ ম্যানেজমেন্ট সিস্টেম অনলাইন এপ্লিকেশনের মাধ্যমে সেবাগ্রহীতাগণ জাহাজের নামকরণ, ডিজাইন এপ্রোভাল, রেজিষ্ট্রেশন, সার্ভে, এনলিস্টমেন্ট, ক্যান্সেলেশন/পজ, বে-ক্রসিং ইত্যাদি সেবা দিয়ে থাকি। উক্ত সফটওয়্যারের মাধ্যমে সকল সেবা শতভাগ হচ্ছে কিনা সে বিষয়ে সভাপতি মহোদয় জানতে চাইলে; **চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার** বলেন, কিল লেয়িং, টাস্ক নাম্বার, নির্মাণ সিডিউল, প্রটোকল এনড্রোসমেন্ট, ইত্যাদি ছাড়া বাকি সমস্ত কাজ উক্ত সিস্টেমের আওতায় চলমান আছে। অতঃপর সভাপতি মহোদয় জানতে চান যে, কিল লেয়িং, টাস্ক নাম্বার, নির্মাণ সিডিউল, প্রটোকল এনড্রোসমেন্ট, ইত্যাদি অনলাইনের আওতায় আনা যাবে কিনা? সেক্ষেত্রে সভা কক্ষের ও ভার্চুয়্যালি সংযুক্ত **সকল ইঞ্জিনিয়ার ও সার্ভেয়ারগণ** অনলাইনের আওতায় আনা যাবে মর্মে একমত পোষণ করেন।

২। **ডস-ইআরপি সফটওয়্যারঃ** সভাপতি মহোদয় উক্ত সফটওয়্যারের কার্যক্রম জানতে চাইলে **চীফ ইঞ্জিনিয়ার** বলেন, বর্তমানে শুধুমাত্র এপ্লিকেশন প্রসেস শতভাগ চালু আছে। যার মাধ্যমে সেবাগ্রহীতার প্রাথমিক তথ্য ও টাকা জমা নেয়া হয়ে থাকে। অতঃপর সভাপতি মহোদয় সেইফ ম্যানিং, সার্ভেয়ার লাইসেন্স, শিপ বিল্ডার্স, ডিজাইন মেকিং, ক্লাস অথরাইজেশন উক্ত পাঁচটি মডিউল আপগ্রেডেশন করার জন্য নির্দেশ প্রদান করত: উপরোক্ত সফটওয়্যারদ্বয়ের সার্ভিসসমূহ

শতভাগ নিশ্চয়তা করতে এবং ডিজিটাল অটোমেশনের জন্য প্রয়োজনীয় সকল প্রকার বাজেট বরাদ্দের জন্য **জনাব মোঃ মামুনুর রশিদকে** মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য নির্দেশ প্রদান করেন।

**৩। ই-নথি ব্যবস্থাপনাঃ** সিস্টেম এনালিস্ট বলেন, নৌপরিবহন অধিদপ্তরের অধিকাংশ কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পাদন করা হয়ে থাকে। যার ফলে নাগরিক সেবা স্বল্প খরচে ও স্বল্প সময়ে প্রদান করা সম্ভব হচ্ছে। কিন্তু কিছু দিন যাবৎ লক্ষ্য করা যাচ্ছে যে, ই-নথিতে স্বাভাবিক কার্যক্রমে বিঘ্নতা ঘটছে। আমরা এটুআই অফিসে (সাপোর্ট টিম) এর সাথে যোগাযোগ অব্যাহত রেখেছি। ন্যাশনাল ডাটা সেন্টারের মাধ্যমে সকল সরকারি অফিসের ই-নথি ডাটাবেইজ মেইনট্যাইন করার দরুণ টেকনিক্যাল সমস্যার সমাধান পেতে বিলম্ব হচ্ছে মর্মে এটুআই সাপোর্ট আমাদের অবহিত করেছেন। আশাকরি দ্রুত সমাধান হয়ে যাবে। এ পর্যায়ে **সভাপতি মহোদয়** বলেন, ই-নথিতে কাজ করতে বিঘ্ন ঘটলে প্রয়োজনে অফিস অর্ডারের মাধ্যমে নির্ধারিত কর্তৃপক্ষকে অবহিত করণপূর্বক; আইএসএন এর সাথে যোগাযোগ করে ব্যান্ডউইথ ঠিকমত দিচ্ছে কিনা তা নিশ্চিত করতে হবে। অতঃপর সিস্টেম এনালিস্ট ই-নথি ব্যবস্থাপনায় পদায়নের জন্য অফিস অর্ডার(পূর্ববর্তী শাখা থেকে রিলিজ ও বর্তমান শাখায় যোগদানের তারিখ উল্লেখপূর্বক) আইসিটি শাখায় প্রেরণ করার জন্য অনুরোধ করেন। অতঃপর তিনি, ই-নথি সিস্টেম এ শাখা ঠিক রেখে কাজ করার জন্য সংশ্লিষ্ট সকল শাখা প্রধানের দৃষ্টি আকর্ষণ করেন এবং **আইডি ও পাসওয়ার্ড** নিজ দায়িত্বে সংরক্ষণ করার জন্য অনুরোধ করেন। এ পর্যায়ে সভাপতি মহোদয় সকল শাখা প্রধানদের উদ্দেশ্য করে উক্ত বিষয়টি গুরুত্বারোপ করে নিজ নিজ শাখায় অধীনস্থ কর্মচারীদেরকে ই-নথিতে তার পদনুযায়ী ঠিক না থাকলে তার পদায়নের অফিস আদেশ নিয়ে আইসিটি শাখায় যোগাযোগ করে যথাসম্ভব দ্রুত ঠিক করে নেওয়ার নির্দেশ প্রদান করেন।

**৪। অধিদপ্তরের ওয়েবসাইট হালনাগাদকরণঃ** সিস্টেম এনালিস্ট বলেন, আমরা যেহেতু ইনল্যান্ড শিপিং সার্ভিস এর পাশাপাশি ইন্টারন্যাশনাল শিপিং সার্ভিস দিয়ে থাকি সেহেতু আমাদের ওয়েবসাইটে (বাংলা ও ইংরেজি) ভার্সনে যাবতীয় তথ্য আপডেট করার নিমিত্তে অত্র অধিদপ্তর ও ফিল্ড অফিসসমূহকে সকল কর্মকর্তাদের ই-নথিতে পত্র প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে সকল ডাটা ওয়েবসাইটে পাবলিশ করার সময় সংশ্লিষ্ট সকল শাখা প্রধানদের হার্ডকপির পাশাপাশি সফট কপি দেওয়ার জন্য সকল কর্মকর্তাকে অবহিত করেন এবং সভাপতি মহোদয় এ ব্যাপারে গুরুত্বারোপ করেন। নৌপরিবহন অধিদপ্তরের সিটিজেন চার্টার আপডেট করার জন্য তথ্য প্রেরণ করতে বলা হয়। এক পর্যায়ে, সভাপতি মহোদয় সহকারী পরিচালক জনাব শাহাদাত হোসেন সরকারকে সিটিজেন চার্টারের কমিটির বিষয়ে অবহিত করার নির্দেশ প্রদান করেন।


**৫। ডোমেইন মেইলঃ** সিস্টেম এনালিস্ট বলেন, দাপ্তরিক যোগাযোগের ক্ষেত্রে সরকারি ই-মেইল নীতিমালা মোতাবেক ডোমেইন মেইল ব্যবহার করা বাধ্যতামূলক। উল্লেখ্য, ডোমেইন মেইল খোলার পর প্রথমে অনটাইম পাসওয়ার্ডে লগইন করার সাথে সাথে একটি নতুন পাসওয়ার্ড দিতে হয়, যা পরবর্তীতে আমাদের আর হস্তক্ষেপ থাকে না, সেজন্য ডোমেইন মেইল এর **আইডি ও পাসওয়ার্ড** নিজ দায়িত্বে সংরক্ষণ করার জন্য সবেইকে অনুরোধ করেন।

**৬। নৌপরিবহন অধিদপ্তরের পরিকল্পনাধীন কাজসমূহঃ ক)** পার্সোনাল ম্যানেজমেন্ট সিস্টেমঃ এ ব্যাপারে সিস্টেম এনালিস্ট জনাব মোঃ নুজরুল ইসলাম বলেন, পিএমআইএস ডিজিটালাইজেশনের ফলে সকল কর্মকর্তা/কর্মচারীগণের ডাটাবেইজ তৈরী হবে এবং সঠিক সময়ে যেকোনো সিদ্ধান্ত গ্রহণ দ্রুত হবে। এ ব্যাপারে সভাপতি মহোদয় বলেন, সকল সেবাগ্রহীতা ও অত্র অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের ডাটা একই ফাইলে রাখা ও একাধিক ব্যাকআপ এর ব্যবস্থা করা। **খ)** ই-ইন্সপেকশনঃ অত্র অধিদপ্তরের পরিদর্শকগণের মামলা প্রক্রিয়া সহজ হবে। ফেইক সার্টিফিকেট সনাক্তকরণ সহজ হবে। **গ)** ডস অ্যাপসঃ নৌপরিবহন অধিদপ্তরের সকল কার্যক্রম এনড্রয়েট মোবাইল অ্যাপ DOS Integrated Apps (DIA) আওতায় নিয়ে আসা হলে সেবা প্রক্রিয়া সহজ ও দ্রুততর হবে। **ঘ)** চিপ বেইজ সার্টিফিকেশন সিস্টেমঃ উন্নত নিরাপত্তা ব্যবস্থা, সমৃদ্ধ ডাটাবেইজ তৈরি হবে **ঙ)** স্মার্ট লিভ ম্যানেজমেন্ট সিস্টেমঃ কর্মকর্তা কর্মচারীগণের জন্য Smart Leave Management Software ব্যবস্থা থাকলে কর্মক্ষেত্রে আরও স্বাচ্ছন্দ্যবোধ অনুধাবন

করবেন। যার দরুণ কাজের গতি বেড়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

| ক্রমিক নং | চলমান ই-সেবাসমূহঃ | পরিকল্পনাধীন ই-সেবাসমূহঃ |
|---|---|---|
| ১। | সমুদ্রগামী ও অভ্যন্তরীণ জাহাজের নাবিকদের বিভিন্ন ধরনের সনদ সংক্রান্ত আবেদন অনলাইনে গ্রহণ এবং সনদপ্রদান। | অনলাইনে নৌযানের কিললেয়িং সনদ জারী |
| ২। | অভ্যন্তরীণ নৌযান সার্ভে এবং সার্ভে সনদ অনলাইনে জারী | অনলাইনে টাস্ক নম্বর সনদ প্রদান |
| ৩। | অভ্যন্তরীণ নৌযান রেজিস্ট্রেশন | অনলাইনে নির্মাণ সিডিউলের সনদ প্রদান |
| ৪। | অনলাইনে নৌযানের বেক্রসিং সনদ জারী | অনলাইনে এন্ডডোর্সমেন্ট সনদ প্রদান |
| ৫। | নৌযানের নামকরণের ছাড়পত্র | অনলাইনে সেইফ ম্যানিং সনদ জারী |
| ৬। | বেসরকারী মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অনলাইন ব্যবস্থাপনা পরিচালনা এবং মনিটরিং | দেশি ও বিদেশি পতাকাবাহী জাহাজে অনুমোদিত মাস্টার মেরিনার/চীফ ইঞ্জিনিয়ার দ্বারা সার্ভের অনুমতি সনদের জন্য অনলাইন। |
| ৭। | নাবিকদের অনলাইন সাক্ষাৎ ব্যবস্থাপনা | শিপ বিল্ডার্স/শিপ ইয়ার্ড/ডক ইয়ার্ড এর জন্য অনলাইনে এনওসি প্রদান |
| ৮। | অনলাইনে নাবিকদের মেরিটাইম সনদ যাচাই | ওয়েব বেইজড এসআইডি সিস্টেম |
| ৯। | সমুদ্রগামী সিফ্যারারদের জাহাজে নিয়োগের জন্য অনলাইনে সাইন-অন ও সাইন-অফ। | ডস ইনট্রিগেডেট অ্যাপস (DOS Apps) |
| ১০। | সমুদ্রগামী সিফ্যারারদের সিডিসি ইস্যুর আবেদন পত্র অনলাইনে গ্রহণ | চীপ বেইজড সার্টিফিকেশন সিস্টেম ডেভলপমেন্ট |
| ১১। | অনলাইনে সীফ্যারারদের ভয়েজ এন্ডোর্সমেন্ট সহ সিডিসির প্রোফাইল সংরক্ষণ | পরিদর্শকদের জন্য ই-ইন্সিপেকশন ব্যবস্থাপনা সিস্টেম |
| ১২। | বাংলাদেশ বন্দর সমূহে আগত দেশি-বিদেশী সমুদ্রগামী জাহাজের আগমনি ও বহির্গমন ছাড়পত্র অনলাইনে জারী | নৌযানের ডাটাবেইজ অনলাইনকরন ও সার্ভিস বুক প্রদান |
| ১৩। | বাংলাদেশ পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন, ২০১৯ এর আওতায় বাণিজ্যিক জাহাজের অনুকূলে ওয়েভার সনদ জারী। | সিফ্যারারদের সিডিসি ইস্যুর ফি অনলাইনে গ্রহণ |
| ১৪ | সমুদ্রগামী নাবিকগণের জন্য এসআইডি কার্ড প্রদান | অনলাইনে বয়স বৃদ্ধির আবেদন। |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



কমডোর মোঃ নিজামুল হক. (ট্যাজ). ওএসপি.
এনজিপি. পিএসসি. বিএন
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৮.১৭.০০০০.০৩২.৯৯.০০৩.২২.৪৬

তারিখ: ১৬ আশ্বিন ১৪২৯
০১ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, নৌপরিবহন অধিদপ্তর
২) পরিচালক(উপসচিব), নৌপরিবহন অধিদপ্তর
৩) প্রধান অফিসার, নৌ-বাণিজ্য দপ্তর, সরকারী কার্যভবন ১, আগ্রাবাদ বা/এ, চট্রগ্রাম
৪) ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (সকল), নৌ পরিবহন অধিদপ্তর
৫) সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন অধিদপ্তর
৬) উপ-পরিচালক, গবেষণা ও উন্নয়ন শাখা, নৌপরিবহন অধিদপ্তর
৭) নৌপরিবহন অধিদপ্তর ও ইহার আওতাধীন ফিল্ড অফিস কর্মকর্তাগণ
৮) শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস
৯) পরিসংখ্যান কর্মকর্তা, গবেষণা ও উন্নয়ন শাখা, নৌপরিবহন অধিদপ্তর
১০) চীফ ইন্সপেক্টর, পরিদর্শন শাখা, নৌপরিবহন অধিদপ্তর
১১) প্রসিকিউটিং অফিসার, মেরিন কোর্ট, নৌপরিবহন অধিদপ্তর
১২) সহকারী পরিচালক, প্রশাসন শাখা, নৌপরিবহন অধিদপ্তর
১৩) সহকারী পরিচালক, প্রশাসন শাখা, নৌপরিবহন অধিদপ্তর
১৪) সহকারী কেমিষ্ট, পরিবেশ শাখা, নৌপরিবহন অধিদপ্তর
১৫) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, নৌপরিবহন অধিদপ্তর
১৬) মহাপরিচালক এর একান্ত সচিব, নৌপরিবহন অধিদপ্তর
১৭) সকল পরিদর্শকগণ, নৌ পরিবহন অধিদপ্তর
১৮) নৌপরিবহন অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী
১৯) অফিস কপি

প্রকৌশলী মোঃ নজরুল ইসলাম
সিস্টেম এনালিস্ট